# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৬৪১১

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd , **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৭৩/ ২২৬৩ তারিখঃ ১ /০১/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন হযরত রাবেয়া বস্‌রী (রঃ) মহিলা দাখিল মাদরাসা জগন্নাথকাঠী এর সুপার (ভারপ্রাপ্ত) এডহক কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন। অপরদিকে উক্ত মাদরাসার সহকারী শিক্ষক জনাব মোঃ ইদ্রিস "চাকুরীচ্যুত সহকারী মৌলভী মাওলানা আতিকুল ইসলাম, ইনডেক্স নং- ৫৮২৮০২ এর বিল ভাতা অবৈধ ও বিধি বহির্ভূতভাবে উত্তোলন করে অর্থ আত্মসাৎ করা হচ্ছে" মর্মে একখানা অভিযোগপত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ...১.....(...এক.....) পাতা।

1.1.17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
নেছারাবাদ, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৭৩/ তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেছারাবাদ, পিরোজপুর।
৪. সুপার, হযরত রাবেয়া বস্‌রী (রঃ) মহিলা দাখিল মাদরাসা জগন্নাথকাঠী, নেছারাবাদ, পিরোজপুর।
৫. জনাব মোঃ ইদ্রিস, সহকারী শিক্ষক, হযরত রাবেয়া বস্‌রী (রঃ) মহিলা দাখিল মাদরাসা জগন্নাথকাঠী, নেছারাবাদ, পিরোজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড
বকশিবাজার, ঢাকা।

বিষয়ঃ পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন স্বরূপকাঠী পৌরসভার ০৪ নং জগন্নাথকাঠী ওয়ার্ডের হযরত রাবেয়া বসরী (রঃ) মহিলা দাখিল মাদ্রাসার চাকুরীচ্যুত সহকারী মৌলভী মাওলানা আতিকুল ইসলাম, ইনডেক্স নং- ৫৮২৮০২ এর বিল ভাতা অবৈধ ও বিধি বহির্ভূত ভাবে উত্তোলন করে সরকারি অর্থ আত্মসাৎ করে। উক্ত টাকা সরকারী তহবিলে ফেরৎ সহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা প্রসংগে।

সূত্রঃ (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের, স্মারক নং- সংস্থা/৩৯৪/৮/এ-৮(বাস্তবায়ন), তাং- ০৭/০৭/২০১১।
(২) মহামান্য হাইকোর্টের সিভিল রিভিশন নং- ৪৬০২/২০০৫ তাং- ২৩/০৫/২০০৭।
(৩) জেলা জজ আদালত, পিরোজপুর এর মিস আপীল নং- ২০/২০০৫ তাং ২৯/০৬/২০০৭।
(৪) সহকারী জজ আদালত নেছারাবাদ, পিরোজপুর এর দেওয়ানী মোকদ্দমা নং ৩৮/২০০৪, তাং- ০৯/০৫/২০১১।

মহাত্মন,

যথাবিহিত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, বিষয়ে বর্ণিত মাদ্রাসার চাকুরীচ্যুত সহকারী মৌলভী জনাব মাওলানা আতিকুল ইসলাম, বে-সরকারি চাকুরী বিধির পরিপন্থি কার্যকলাপের কারণে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির বিগত ২৮/০৩/২০১১ ইং তারিখে ১৫৮ তম সভায় বরখাস্ত অনুমোদনক্রমে চাকুরীচ্যুত হন (কপি সংযুক্ত) এবং এম.পি.ও সংক্রান্তে মহামান্য হাইকোর্টের সিভিল রিভিশন নং- ৪৬০২/২০০৫, আদেশের তারিখঃ ২৩/০৫/২০০৭ খ্রিঃ জেলা জজ আদালতের মিস আপিল ২০/২০০৫, আদেশের তারিখঃ ২৯/০৯/২০০৭ খ্রিঃ ও মোকাম পিরোজপুর নেছারাবাদ সহকারী জজ আদালতের দেওয়ানী মোকদ্দমা নং- ৩৮/২০০৪, আদেশের তারিখঃ ০৯/০৫/২০১১ (কপি সংযুক্ত) এর আদেশ মোতাবেক অত্র মাদ্রাসার অবৈধ নিয়োগ প্রাপ্ত বিধি বহির্ভূতভাবে এম.পি.ও ভূক্ত সহকারী মৌলভী জনাব মাওলানা আতিকুল ইসলাম চাকুরীচ্যুত হওয়ায় ফেব্রুয়ারী/২০১৫ পর্যন্ত তাহার বিল ভাতা বন্ধ ছিল। এম.পি.ও সংক্রান্ত সর্বশেষ ৩৮/২০০৪ মোকদ্দমার আদেশ অনুযায়ী উল্লেখ্য সহকারী মৌলভী মাওলানা আতিকুল ইসলাম এর চাকুরী বাতিল করা স্বত্বেও মাননীয় সহকারী জজ আদালত, জেলা জজ আদালত ও মহামান্য হাইকোর্টের আদেশ অমান্য করে এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় বরখাস্ত অনুমোদনক্রমে চাকুরীচ্যুত হওয়া স্বত্বেও অত্র মাদ্রাসার ইবতেদায়ী প্রধান বর্তমান ভারপ্রাপ্ত সুপার মাওলানা ফারুক হোসেন বিগত মার্চ ২০১৫ হইতে তাহার বিল ভাতা উত্তোলন করে সরকারি অর্থ আত্মসাৎ করে আসছেন। বর্তমানে অত্র মাদ্রাসায় অনুমোদিত কোন কমিটি নাই ও মাদ্রাসায় মঞ্জুরী নবায়নও নাই। তাই চাকুরীচ্যুত সহকারী মৌলভী জনাব আতিকুল ইসলাম এর বিলভাতা বন্ধ করে উক্ত টাকা সরকারি তহবিলে ফেরৎ সহ মাদ্রাসার এম.পি.ও তালিকা হতে তাহার নাম কর্তণ করা একান্ত আবশ্যক।

অতএব, মহোদয়ের সমীপে আকুল আবেদন বর্ণিত বিষয়ের আলোকে সূত্রোক্ত স্মারক পত্রের মর্মানুযায়ী এবং মামলার রায় ও ডিক্রী কার্যকরী করতঃ চাকুরিচ্যুত সহকারী মৌলভী মাওলানা আতিকুল ইসলাম, ইনডেক্স নং- ৫৮২৮০২ এর বিলভাতা বন্ধ করে উক্ত টাকা সরকারি তহবিলে ফেরৎ সহ এম.পি.ও তালিকা হতে তার নাম কর্তণ পূর্বক মাদ্রাসার ইবতেদায়ী প্রধান বর্তমান ভারপ্রাপ্ত সুপার মাওলানা ফারুক হোসেন এর অবৈধ কর্মকান্ডের বিভাগীয় ব্যবস্থা গ্রহন করার বিহিত বিধানে মর্জি হয়।

তারিখঃ ০৪/১২/২০১৬ ইং

নিবেদক
৪/১২/১৬
(মোঃ ইদ্রিস)
সহকারী শিক্ষক
হযরত রাবেয়া বসরী (রঃ) মহিলা দাখিল মাদ্রাসা
জগন্নাথকাঠী, নেছারাবাদ, পিরোজপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ
০১। সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশাল।
০৫। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
০৬। মেয়র, স্বরূপকাঠী পৌরসভা, নেছারাবাদ, পিরোজপুর।
০৭। ব্যবস্থাপক, রূপালী ব্যাংক, স্বরূপকাঠী শাখা।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেছারাবাদ, পিরোজপুর।